



## মানবিক শান্তি প্রতিষ্ঠায় নারী নেতৃত্ব বৃদ্ধির আহ্বান বাংলাদেশের



পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

বিশ্বজুড়ে চলমান মানবিক সংকট ও সংঘাত পরিস্থিতি মোকাবিলায় নারী নেতৃত্ব আরও শক্তিশালী করার আহ্বান জানিয়েছে বাংলাদেশ। একই সঙ্গে মানবিক সহায়তা কার্যক্রম জোরদার, বেসামরিক জনগণের সুরক্ষা নিশ্চিত এবং শান্তি প্রতিষ্ঠার উদ্যোগে নারীদের অংশগ্রহণ বাড়ানোর ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে স্থানীয় সময় বুধবার (১৭ জুন) জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের (ইকোসক) ২০২৬ সালের হিউম্যানিটারিয়ান অ্যাফেয়ার্স সেশনে বক্তব্য দেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। সেখানে তিনি বাংলাদেশের মানবিক অঙ্গীকার এবং আন্তর্জাতিক সহযোগিতার প্রতি দেশের অবস্থান তুলে ধরেন। তিনি বলেন, বর্তমান সরকারের নেতৃত্বে সামাজিক সুরক্ষা কার্যক্রম সম্প্রসারণ, দুর্ভোগ ব্যবস্থাপনা সক্ষমতা বৃদ্ধি, নারীর ক্ষমতায়ন এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সহায়তায় নানা উদ্যোগ বাস্তবায়ন করা হচ্ছে।

একই দিনে জাতিসংঘ নিরাপত্তা পরিষদের নারী, শান্তি ও নিরাপত্তা বিষয়ক আলোচনায় অংশ নিয়ে তিনি সংঘাত নিরসন ও শান্তি প্রক্রিয়ায় নারীদের ভূমিকার গুরুত্ব তুলে ধরেন। বাংলাদেশি নারী শান্তিরক্ষীদের অবদান উল্লেখ করে তিনি জানান, শান্তিরক্ষা কার্যক্রমে তাদের অংশগ্রহণ ইতিবাচক প্রভাব ফেলেছে। তিনি আরও বলেন, বিশ্বজুড়ে সংঘাতে নারী ও শিশুদের দুর্ভোগ বাড়ছে, যা নিয়ে আন্তর্জাতিক মহলের আরও কার্যকর ভূমিকা প্রয়োজন। পাশাপাশি রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধান এবং তাদের নিরাপদ প্রত্যাবাসনের বিষয়েও জোর দেন তিনি।

নিউইয়র্কে স্থানীয় সময় বৃহস্পতিবার (১৮ জুন) ইকোসকের উচ্চপর্যায়ের এক আলোচনায় অংশ নেবেন তিনি। একই দিনে জাতিসংঘের ইউএন উইমেন সংস্থার নির্বাহী পরিচালক সিমা বাহাউসের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে বাংলাদেশের প্রতিনিধিদলের নেতৃত্ব দেওয়ার কথা রয়েছে।